দৈনিক সংবাদ

13

তারিখ 10 JUL 1996
পৃঃ ১ কলাম ৭

# কুমিল্লা বোর্ডঃ পাসের হার ৪ বছরের মধ্যে সবচেয়ে কম

॥ নূরুর রহমান ॥

গত ৪ বছরের মধ্যে এইবার কুমিল্লা বোর্ডের পাসের হার সবচেয়ে কম। নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নে আলাদা আলাদাভাবে পাস করার নিয়ম চালু হবার পর পাসের হার কমে গেছে।

'৯২ সালে প্রশ্ন ব্যাংক চালু এবং নৈর্ব্যক্তিক অথবা রচনামূলক প্রশ্নের যেকোন একটিতে পাস করলেই উত্তীর্ণ হবার নিয়ম থাকায় পাসের হার ছিল ৬২·২৬%, তার পরের বছর '৯৩ সালে

কম ঃ পৃঃ ১০ কঃ ৫

## কম ঃ পাসের হার

(১ম পৃষ্ঠার পর)

৬১·৮৫%, '৯৪ সালে ৬১·৫২% এবং '৯৫ সালে ৭৪·৭৭%। এবার পাসের হার ৪৭·০২%। এবারের নিয়ম হচ্ছে পাস করতে হলে নৈর্ব্যক্তিকে ১৫ এবং রচনামূলক প্রশ্নে ১৫ নম্বর পেতে হবে।

### ১২৩৮ জন পরীক্ষা দেয়নি

এবারে এসএসসি পরীক্ষায় ১ হাজার ২শ' ৩৮ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়নি। পরীক্ষায় অংশ নেয়ার জন্য বোর্ডে তালিকাভুক্ত হয়েছিল ৮১ হাজার ৭শ' ২ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ৮০ হাজার ৪শ' ৬৪ জন। সাধারণ বিজ্ঞান বিভাগে ৩৭৪ জন ছেলে এবং ৮৪ জন মেয়ে ও সমাজবিজ্ঞান বিভাগে ৫১৮ জন ছেলে এবং ২৬৪ মেয়ে পরীক্ষায় অংশ নেয়নি।

### মেয়েরা ভাল করেছে

সংখ্যার দিক থেকে মেয়ে পরীক্ষার্থী কম হলেও পাসের ক্ষেত্রে মেয়েরা ছেলেদের থেকে এগিয়ে আছে।

এবারের এস এস সি পরীক্ষায় ৩৫ হাজার ৩শ' ৭৩ জন মেয়ে পরীক্ষায় অংশ নেয়। পাস করেছে ১৪ হাজার ৭শ' ৮৫ জন। পাসের হার ৪১·৮০%। অন্যদিকে ৬২ হাজার ৩শ' ৫০ জন ছেলে পরীক্ষা দিয়ে পাস করেছে ২৩ হাজার ৪৯ জন। পাসের হার ৩৬·৯৭%।

### বিজ্ঞান বিভাগে ক্যাডেট কলেজ এগিয়ে

বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ক্যাডেট কলেজের ছাত্ররা কৃতিত্ব দেখাতে পারলেও সমাজবিজ্ঞানে পিছিয়ে পড়েছে।

বিজ্ঞান বিভাগে প্রথম ২০টি স্থান অর্জন করেছে ২৪ জন। এর মধ্যে প্রথম, দ্বিতীয়, তৃতীয়সহ ১৭টি স্থান দখল করে নিয়েছে ক্যাডেট কলেজের ছাত্ররা। অন্যদিকে, সমাজবিজ্ঞান বিভাগে প্রথম ২০টি স্থান অর্জন করেছে ২৫ জন। ক্যাডেট কলেজের ছাত্ররা কেবলমাত্র তৃতীয় স্থানটি অর্জন করতে পেরেছে।